

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.০২৯.১৯- ১১৬

তারিখ: ১৯ চৈত্র ১৪২৫  
০২ এপ্রিল ২০১৯

বিষয়: সাতবাড়ীয়া উচ্চ বিদ্যালয়, সুজানগর, পাবনা এর প্রধান শিক্ষক জনাব এ.কে.শামসুল আলম এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রেরণ।


সূত্র: ডিআইএ/পাবনা/১০৪-এস/রাজ২৫২৩; তারিখ: ৩০/১১/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এ. কে. শামসুল আলম, প্রধান শিক্ষক, সাতবাড়ীয়া উচ্চ বিদ্যালয়, সুজানগর, পাবনা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তপূর্বক প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, প্রতিবেদনটি অস্পষ্ট এবং অসম্পূর্ণ। প্রতিবেদনে অভিযোগসমূহের বিষয়ে সুস্পষ্ট মতামত নেই। এছাড়া, ১৯/১২/২০১৬ খ্রি. তদন্ত সম্পন্ন করার প্রায় ০২ (দুই) বছর পর প্রতিবেদনটি এ কার্যালয়ে প্রেরণ করা হয়। সুস্পষ্ট মতামত না থাকায় প্রতিবেদনটির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না।

০২। এমতাবস্থায়, উল্লিখিত প্রতিবেদনে যে সকল অভিযোগের বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করা হয়নি, সে সকল অভিযোগের বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদর্শনপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**পরিচালক**

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা

  
(মো. রাহেদ হোসেন)  
উপসচিব  
ফোন: ৯৫৪৬১০৭

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. জেলা শিক্ষা অফিসার, পাবনা
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুজানগর, পাবনা
৫. অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৬. অফিস কপি।